LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার ৮ই **অক্টোবর ২০১৭ ইং**

কোম্পানি পর্যায়ে 'ইনভেস্টর সেল' গঠন করবে বিএসইসি

তালিকাভুক্ত সিকিউরিটিজের বিভিন্ন তথ্য বিনিয়োগকারীদের জন্য সহজলভ্য করতে নিয়ন্ত্রক সংস্থা কোম্পানি পর্যায়ে সেল গঠনের পরিকল্পনা করছে বলে জানিয়েছেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) নির্বাহী পরিচালক ও মুখপাত্র মো. সাইফুর রহমান৷ সেলের মাধ্যমে মূল্যসংবেদনশীল তথ্যের বাইরেও বিনিয়োগকারীরা কোম্পানির ব্যবসা ও মৌলিক ভিত্তির নানা তথ্য জানতে পারবেন বলে জানিয়েছেন তিনি।ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ মিলনায়তনে 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৭' উপলক্ষে বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের (বিএমবিএ) উদ্যোগে গতকাল আয়োজিত এক সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে এ তথ্য জানান মো. সাইফুর রহমান৷ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিভাগের অধ্যাপক মো. আবু তালেব৷ মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিএসইসির পরিচালক মো. রেজাউল করিম৷ অন্যদের মধ্যে বিএসইসির নির্বাহী পরিচালক মো. মাহবুবুল আলম, বিএমবিএর সভাপতি মো. ছায়েদুর রহমান এবং সাধারণ সম্পাদক খায়রুল বাশার আবু তাহের মোহাম্মদ উপস্থিত ছিলেন।http://bonikbarta.net

লংকাবাংলা ফিন্যান্সের উদ্যোগে মুদ্রাপাচার ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ-বিষয়ক কর্মশালা

রাজধানীর স্পেকট্রা কনভেনশন সেন্টারে গতকাল লংকাবাংলা ফিন্যান্স লিমিটেডের উদ্যোগে এবং বাংলাদেশ লিজিং অ্যান্ড ফিন্যান্স কোম্পানিজ অ্যাসোসিয়েশনের সহায়তায় মুদ্রাপাচার ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ-বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। ঢাকা উত্তর সিটি করপোরেশন এবং সাভার, গাজীপুর ও ময়মনসিংহ অঞ্চলের বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের শাখা মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা এতে অংশগ্রহণ করেন। দিনব্যাপী এ কর্মশালা যৌথভাবে পরিচালনা করেন বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এবং প্রাতিষ্ঠানিক বিশেষজ্ঞরা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএফআইইউর মহাব্যবস্থাপক এবিএম জহরুল হুদা। বিশেষ অতিথি ছিলেন বিএলএফসিএর চেয়ারম্যান মো. খলিলুর রহমান। কর্মশালায় সভাপতিত্ব করেন লংকাবাংলা ফিন্যান্সের ব্যবস্থাপনা পরিচালক খাজা শাহরিয়ার।http://bonikbarta.net

১০ পণ্যে খরচ হচ্ছে আমদানি ব্যয়ের এক-তৃতীয়াংশ

চট্টগ্রাম বন্দর দিয়ে আমদানি হচ্ছে প্রায় পাঁচ হাজার ধরনের (এইচএস কোডভুক্ত) পণ্য। এসব পণ্য আমদানিতে মোট খরচের প্রায় এক-তৃতীয়াংশই ব্যয় হচ্ছে ১০টি পণ্যের পেছনে। মূলত পোশাক, জ্বালানি ও নির্মাণ খাতের কয়েকটি পণ্যসহ গম আমদানিতে এ অর্থ ব্যয় হচ্ছে। চট্টগ্রাম বন্দর দিয়ে আমদানি পণ্যের গত চার বছরের তথ্য বিশ্লেষণ করে এ চিত্র পাওয়া গেছে।চট্টগ্রাম কাস্টমস ও বন্দরের তথ্যমতে, চলতি ২০১৭-১৮ অর্থবছরের জুলাই ও আগস্টে বন্দর দিয়ে ৪৩ হাজার ২০৫ কোটি টাকার পণ্য আমদানি হয়েছে৷ ৪ হাজার ৯৬৮টি এইচএস কোডভুক্ত পণ্যের মধ্যে ১০টির পেছনেই মোট ১৪ হাজার ২৩২ কোটি টাকা ব্যয় করেছেন আমদানিকারকরা৷ পণ্যগুলো হচ্ছে— তুলা, হাইস্পিড ডিজেল, গম, উড়োজাহাজের যন্ত্রাংশ, পরিশোধিত পাম অয়েল, স্ক্র্যাপ ভেসেল (পুরনো জাহাজ), ফার্নেস অয়েল, সিমেন্ট ক্লিংকার, অপরিশোধিত জ্বালানি তেল ও পেট্রোলিয়াম।http://bonikbarta.net

দেড় হাজার কোটি ডলারে মার্কিন থাড সিস্টেম কিনছে সৌদি আরব

যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরবের কাছে দেড় হাজার কোটি ডলারে টারমিনাল হাই অল্টিটিউড এরিয়া ডিফেন্স (থাড) মিসাইল ডিফেন্স সিস্টেম বিক্রি করতে সম্মত হয়েছে। খবর রয়টার্স।পেন্টাগনের এক বিবৃতিতে বলা হয়, ইরান ও অন্যান্য হুমকির বিরুদ্ধে সৌদি আরবকে সুরক্ষা দেয়া এবং উপসাগরীয় অঞ্চলের নিরাপত্তা বাড়ানো এ চুক্তির লক্ষ্য। এ চুক্তির ফলে সৌদি আরব ৪৪টি থাড মিসাইল লঞ্চার ও ৩৬০টি মিসাইল ছাড়াও ফায়ার কন্ট্রোল স্টেশন ও রাডার ক্রয় করতে পারবে। পেন্টাগনের ডিফেন্স সিকিউরিটি কো-অপারেশনের এক বিবৃতিতে বলা হয়, এ বিক্রয় চুক্তি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা এবং পররাষ্ট্রনীতি সমুন্নত রাখবে এবং ইরান ও অন্যান্য হুমকির মুখে সৌদি আরব ছাড়াও উপসাগরীয় অঞ্চলের দীর্ঘমেয়াদি নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করবে।http://bonikbarta.net

নিষেধাজ্ঞা অবসানে অর্থনীতি পুনরুজ্জীবিত হওয়ার আশায় সুদান

কয়েক বছর আগে ইঞ্জিনিয়ার আহমেদ আব্দাল্লাহর পরিবারের ব্যয়নির্বাহের একমাত্র ভরসা ছিল তার মাসিক ৪০০ ডলার বেতন। কিন্তু সব চাহিদা মেটাতে শেষ পর্যন্ত তাকে ধার করতে হতো। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের গত শুক্রবারের ঘোষণায় সম্ভবত আহমেদ আব্দাল্লাহর মতো হাজারো সুদানবাসীর ভাগ্য আবার প্রসন্ন হতে যাচ্ছে। সুদানের ওপর আরোপ করা কঠোরতম অর্থনৈতিক ও বাণিজ্যিক নিষেধাজ্ঞা তুলে নেয়া হবে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্র। দীর্ঘ ২০ বছরের বাণিজ্য নিষেধাজ্ঞা অবসানে মার্কিন এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে সুদান।বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আব্দাল্লাহ এএফপিকে জানিয়েছেন, শুধু বেতনের অল্প অর্থে তাদের পক্ষে টিকে থাকা খুব কষ্টকর হয়ে যাচ্ছে। এর মাধ্যমে তারা অতি প্রয়োজনীয় চাহিদাগুলোও মেটাতে পারছেন না। তার ওপর অন্যান্য চাহিদা সামনে এসে দাঁড়ালে তা মেটানো এক কথায় অসম্ভব।http://bonikbarta.net

আমদানি কমায় হিলিতে উর্ধ্বমুখী পেঁয়াজের দাম

দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে ভারত থেকে সবচেয়ে বেশি পেঁয়াজ আমদানি হয়। দুর্গাপূজা ও আশুরাকে কেন্দ্র করে এ স্থলবন্দর দিয়ে সাতদিন পেঁয়াজসহ সব ধরনের পণ্য আমদানি-রফতানি পুরোপুরি বন্ধ ছিল। এর জের ধরে চাহিদা অনুযায়ী পণ্যটির সরবরাহ বন্ধ থাকায় স্থানীয় বাজারে ভারত থেকে আমদানি করা পেঁয়াজের দাম বেড়েছে। দুই সপ্তাহের ব্যবধানে পাইকারি পর্যায়ে (ট্রাক সেল) প্রতি কেজি পেঁয়াজ অতিরিক্ত ৮-১০ টাকায় বিক্রি হচ্ছে। তবে এরই মধ্যে ছুটি শেষে স্থলবন্দরের কার্যক্রম শুরু হওয়ায় পণ্যটির আমদানি বেড়ে দাম কমে আসবে বলে মনে করছেন সংশ্লিষ্ট ব্যবসায়ীরা।http://bonikbarta.net

বিদেশিরা নিয়ে যাচ্ছে বছরে ৪৮ হাজার কোটি টাকা'

দেশের বিভিন্ন খাতে কর্মরত বিদেশিরা বছরে প্রায় ৬ বিলিয়ন ডলার বা প্রায় ৪৮ হাজার কোটি টাকা নিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। গতকাল রাজধানীর মতিঝিলে এক সেমিনারে তিনি বলেন, বর্তমানে বিদেশে এক কোটি ১০ লাখ বাংলাদেশী কাজ করে বছরে দেশে পাঠাচ্ছে ১৫ বিলিয়ন ডলার। অথচ মাত্র দুই লাখ বিদেশী পেশাজীবী নিয়োগের মাধ্যমে আমরা বছরে ৬ বিলিয়ন ডলার সমপরিমাণ মুদ্রা খরচ করে ফেলছি। একই সময়ে দেশে শিক্ষিত বেকারের সংখ্যাও দিন দিন বাড়ছে। এমন বাস্তবতায় পেশাজীবীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে বিদেশে চলে যাওয়া এ ৬ বিলিয়ন ডলার সমপরিমাণ মুদ্রা সাশ্রয় করতে পারি। দেশেই অনেক দক্ষ জনশক্তি রয়েছে বলে মন্তব্য করেন তিনি।http://www.ittefaq.com.bd

বাজার স্থিতিশীলতায় প্রাতিষ্ঠানিক বিনিয়োগ বাড়ানোর তাগিদ

পুঁজিবাজারে বিনিয়োগকারীদের বিনিয়োগ সুরক্ষা এবং বাজার স্থিতিশীলতার জন্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের অংশগ্রহণ বাড়াতে হবে বলে মনে করেন নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান এম খায়রুল হোসেন।http://www.ittefaq.com.bd